

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.১৮- ২৬৭৩/৪

তারিখ : ০৩/০৩/১৪২৬ বঙ্গাব্দ  
২৬/০৬/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকা জেলার মিরপুরে অবস্থিত পল্লবী কলেজ এর অনুকূলে মাইনিউটকৃত জমি নাম মাত্র মূল্যে বরাদ্দের আবেদনের বিষয়ে তদন্তকরণ প্রসংগে।

সূত্র : (১) স্মারক নম্বর ৩৭.০০.০০০০.০৭০.৯৯.০০১.১৭.২৯ তারিখ : ২৫/০১/২০১৮  
(২) স্মারক নং ৭জি/৭১৮(ক-৩)/০৪(অংশ-২)/৬০৫(৪) তারিখ : ২৭/০৩/২০১৮

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার মিরপুরে অবস্থিত পল্লবী কলেজ এর অনুকূলে মাইনিউটকৃত জমি নামমাত্র মূল্যে বরাদ্দ প্রদানের জন্য জাতীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করার জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় থেকে সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদনের বিষয়ে কলেজটি সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামতসহ প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। ২ নং স্মারক মোতাবেক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ও সহকারী পরিচালক(কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। কিন্তু ঢাকা অঞ্চলের পরিচালকের বদলী জনিত কারণে তদন্ত কর্মকর্তা পরিবর্তন করে প্রফেসর মো: মনোয়ার হোসেন, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ঢাকা জেলার মিরপুরে অবস্থিত পল্লবী কলেজ এর অনুকূলে মাইনিউটকৃত জমি নামমাত্র মূল্যে বরাদ্দ প্রদানের আবেদনের বিষয়ে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক সুস্পষ্ট মতামতসহ ২(দুই) প্রস্থ প্রস্তাব দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক ----- পাতা।

(মো: এনামুল হক হাওলাদার)  
উপপরিচালক (কলেজ-২)  
ফোন নং- ৯৫৫৭৬৯১

ই-মেইল : ncollege@dshe.gov.bd

প্রফেসর মো: মনোয়ার হোসেন  
পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ঢাকা অঞ্চল, ঢাকা

বিতরণ :

- ১। পরিচালক(ক: ও প্র:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ২। সহকারী পরিচালক(কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৩। অধ্যক্ষ, পল্লবী কলেজ, মিরপুর, ঢাকা;
- ৪। সংরক্ষণ নথি।